দৈনিক ইনকিলাব

তারিখ 10 APR 1987
পৃষ্ঠা ... ... 1 ... কলাম ... 7 ...

002

# মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ জমিয়াতুল মোদারেছীনের মহাসচিব আলহাজ মাওলানা খন্দকার নাসিরউদ্দিন বলেছেন, মাদ্রাসা শিক্ষার প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের বিমাতাসুলভ আচরণ মহামান্য প্রেসিডেন্টের ভাবমূর্তিকে নষ্ট করছে। তিনি গতকাল জামালপুরের মালঞ্চ ইসলামিয়া মাদ্রাসায় এক ইসলামী সম্মেলনে ভাষণ দিচ্ছিলেন। জনাব নাসিরউদ্দিন বলেন, প্রেসিডেন্ট এরশাদ ইসলামী সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন এবং ইসলামী শিক্ষার প্রসারকল্পে দেশবাসীকে উৎসাহিত করছেন। এ জন্যই দেশের সর্বস্তরের ধর্মপ্রাণ মুসলমানগণ তার প্রতি অকুণ্ঠ সমর্থন জানিয়ে আসছেন। অথচ শিক্ষা মন্ত্রণালয় মহামান্য প্রেসিডেন্টের ভাবমূর্তিকে নষ্ট করার জন্য এবং ওলামায়ে কেরাম শিক্ষক সমাজের প্রতি ভুল বুঝাবুঝি সৃষ্টির অভিপ্রায়ে যথেষ্ট পদক্ষেপ নিচ্ছে।

তিনি বলেন, সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতির ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের শর্তারোপ নেই। অথচ মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতির ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের শর্তারোপ চাপানো হয়েছে। এছাড়াও সম্প্রতি

শেষ পৃঃ ৫-এর কঃ দেখুন

## মাদ্রাসা শিক্ষা

প্রথম পৃষ্ঠার পর

পালিত শিক্ষা সপ্তাহে ২১টি স্কুল ও ৪টি কলেজকে উত্তম শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পুরস্কৃত করা হয়েছে। কিন্তু তাতে কোন মাদ্রাসাই অন্তর্ভুক্ত করা হয়নি

মাওলানা খন্দকার নাসির উদ্দিন বলেন, শেখ মুজিবুর রহমান সরকারের আমলে মাদ্রাসা শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হয়েছিল। তার বিরুদ্ধে গোটা জাতি বিক্ষোভে ফেটে পড়ে।

। খন্দকার নাসিরউদ্দিন বলেন, ইতিপূর্বে শিক্ষা সংক্রান্ত বহু সেমিনার হয়েছে। সেখানেও মাদ্রাসা শিক্ষার ব্যাপারে আদৌ কোন প্রসঙ্গই তোলা হয়নি। এর কারণ কি? তিনি বলেন, এতে শিক্ষা মন্ত্রণালয়ের গোপন কোন রহস্য কাজ করছে বলে প্রতীয়মান হয়। জনাব নাসিরউদ্দিন এমনিতর কার্যকলাপের দ্বারা প্রেসিডেন্টের ভাবমূর্তিকে নষ্ট না করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি আহবান জানান।